# সিলেট বোর্ড-২০১৬

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান– ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে তিনটি এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ: ব্যাংকিং

**১.▶** জামাল ও কামাল শিক্ষাজীবন সমাপ্ত করে ব্যাংকার হিসেবে কর্মজীবন শুরু করেন। জামাল যে ব্যাংকে চাকরি নিয়েছেন সেই ব্যাংক নোট ও মুদ্রা ছাপায় এবং ঋণ নিয়ন্ত্রণ করে। অপরদিকে কামাল যে ব্যাংকে চাকরি করেন তার মূল উদ্দেশ্য হলো মুনাফা অর্জন করা। এ ব্যাংক বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ঋণ দিয়ে ব্যবসা-বাণিজ্যে সহায়তা করে থাকে। দেশে দ্রব্যমূল্য বৃদ্ধি পেতে থাকলে তা নিয়ন্ত্রণে উভয় ব্যাংকই ভূমিকা পালন করে থাকে।

ক. স্কুল ব্যাংকিং কাকে বলে? ১

খ. চেইন ব্যাংকিং বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত জামালের ব্যাংকটি কাজের ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যাংক দুটির মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নের মূল ভূমিকা পালন করে? উত্তরর সপক্ষে যুক্তি দাও। ৪

**২.▶** বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক অর্থবাজারের ঋণপ্রবাহ নিয়ন্ত্রণ করতে চায়। তাই ব্যাংকটি আর্থিক বাজার থেকে পূর্বের তুলনায় অধিক পরিমাণে বেসরকারি বন্ড, সিকিউরিটিজ এবং বিভিন্ন দলিলপত্র ক্রয় করার সিদ্ধান্ত নেয়। এতে ঋণ প্রবাহ নিয়ন্ত্রণে সফলতা লাভ করে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন সংখ্যাত্মক পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের সিদ্ধান্তের যৌক্তিকতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩.▶ গুডউইল ব্যাংক লি. ব্যাংক আমানতের একটি নির্দিষ্ট অংশ সংরক্ষণ করে বাকি টাকা ঋণ হিসাবে বিতরণ করে। নির্বিচারে ঋণ প্রদান করায় বেশকিছু ঋণ খেলাপি হয়ে যায়। এতে ব্যাংকের তহবিল সংকট সৃষ্টি হয়। পরবর্তীতে ব্যাংকটি কেন্দ্রীয় ব্যাংকের দ্বারস্থ হলে কেন্দ্রীয় ব্যাংক তাদেরকে ঋণ মঞ্জুর করে। এতে গুডউইল ব্যাংকের তহবিল ও তারল্য উভয়ই বৃদ্ধি পায়। বর্তমানে তারা ঋণ প্রদানে বেশ সতর্কতা অবলম্বন করায় ঋণের গুণগতমান বাড়লেও তারল্যের ওপর নেতিবাচক প্রভাব সৃষ্টি হয়েছে।

ক. ব্যাংকের আজ্ঞাপত্র কী? ১

খ. বিনিময়ের মাধ্যমে সৃষ্টি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বাণিজ্যিক ব্যাংকের কোন মূলনীতি লঙ্ঘনের ফলে গুডউইল ব্যাংকে সংকট সৃষ্টি হয়েছে? ৩

ঘ. গুডউইল ব্যাংকের ঋণ কার্যক্রম কীভাবে ব্যাংকের তারল্য প্রবাহ ও ঋণ আমানত সৃষ্টিকে প্রভাবিত করছে? বিশ্লেষণ করো। ৪

৪.▶ সফল ব্যবসায়ী হিসেবে মি. সালমান রাজশাহীতে বেশ পরিচিত। তার সততা, ব্যাংকের সাথে লেনদেন, সচ্ছলতা ও সুনামের কারণে একটি ব্যাংক তার আবেদনের প্রেক্ষিতে বড় অঙ্কের অর্থ নিশ্চিন্তে ঋণ মঞ্জুর করে। অন্যদিকে মি. আরমান আরেকজন ব্যবসায়ী তার সদ্য প্রতিষ্ঠিত ব্যবসায়ের জন্য ব্যাংক ঋণ আবেদন করে। এক্ষেত্রে মি. আকিজ নামে আরেকজন ব্যবসায়ী গ্যারান্টার হয়। কিন্তু উক্ত ব্যাংক মি. আরমানের দোকান ঘর জামানত হিসাবে রাখতে চায়।

ক. প্রত্যয়পত্র কী? ১

খ. ঋণ সুবিধা সম্বলিত ইলেকট্রনিক কার্ড বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মি. সালমানের ব্যাংকটি কোন ধরনের জামানতের বিপক্ষে ঋণ দিয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. আরমানের ক্ষেত্রে ব্যাংক যে ধরনের জামানত চাচ্ছে তার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৫.▶ মি. আরিফ একজন প্রতিষ্ঠিত কম্পিউটার ব্যবসায়ী। প্রতিদিন তাকে দ্রুত অনেক ধরনের লেনদেন সম্পন্ন করতে হয়। সেজন্য তিনি তার ব্যক্তিগত কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করে ঘরে বসেই ব্যাংক হিসাবের বিভিন্ন তথ্য

সম্পর্কে অবগত হতে পারেন। পরবর্তীতে তিনি মুঠোফোনে ব্যাংকিং করার সিদ্ধান্ত নিলেন। এর ফলে তিনি তার ব্যক্তিগত মুঠোফোনেই ইন্টারনেটের সাহায্যে ব্যক্তিগত গোপনীয় সংখ্যা (PIN) ব্যবহার করে যেকোনো সময় নিজের হিসাবের তথ্য সংগ্রহ ও তহবিল স্থানান্তর করতে পারেন।

ক. KYC ফরম কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর বলতে কী বোঝায়? ২
গ. জনাব আরিফ প্রথমে কোন ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণ করতেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব আরিফ মুঠোফোনের মাধ্যমে যে ব্যাংকিং কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন তার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৬.▶ জনাব মিয়াজী সুরমা ব্যাংকের একজন গ্রাহক। ব্যাংকের যেকোনা শাখা থেকে তিনি উক্ত ব্যাংকের ব্যাংকিং সুবিধা গ্রহণ করতে পারেন। আবার ব্যাংক হিসাবের বিপরীতে কোনো সুদ না পেলেও জমাতিরিক্ত ঋণের সুবিধা পান। বর্তমানে তিনি লেনদেনের সর্বশেষ পরিস্থিতি জানা, নগদ অর্থ জমাদান, অন্যের হিসাবে অর্থ স্থানান্তর, বিল প্রদান ইত্যাদি সুবিধাসহ ব্যাংক হিসাবের ওপর সুদ পেতে চান।

ক. ই-ব্যাংকিং কী? ১
খ. বিক্রয় সেবা বিন্দু বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব মিয়াজী বর্তমানে কোন ব্যাংক হিসাবের আওতায় রয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব মিয়াজীর ইচ্ছা বাস্তবায়নে কোন ধরনের ব্যাংক হিসাব উপযুক্ত? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

## খ বিভাগ: বিমা

৭.▶ জনাব P এবং জনাব Q দুইজন সরকারি চাকরিজীবী। জনাব P দুই বছরের জন্য জাতিসংঘ মিশনে সোমালিয়া যান। তিনি তার সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে দুই বৎসরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন, যেখানে তিনি মারা গেলেই কেবল তার সন্তানেরা বিমা দাবি পাবেন। অপরদিকে জনাব Q বার্ষিক ২৫,০০০ টাকা বিমা কিস্তিতে ১০ বৎসরের জন্য তিন লক্ষ টাকার একটি বিমাপত্র গ্রহণ করেন। এ ধরনের বিমাপত্রে তিনি জীবিত থাকলেও নির্দিষ্ট সময় শেষে বিমা দাবি পাবেন।

ক. মৃত্যুহার পঞ্জি কাকে বলে? ১

খ. পুনর্বিমা বলতে কী বোঝ? ২

গ. জনাব P-এর গৃহীত বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব P এবং জনাব Q-এর গৃহীত দুটি বিমাপত্রের মধ্যে কোনটি বেশি লাভজনক বলে তুমি মনে করো? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৮.** ▶ একটি জাহাজ ২০ এপ্রিল বন্দর ছেড়ে চলে যাবে বলে নৌ বিমার চুক্তিপত্রে উল্লেখ ছিল, কিন্তু জাহাজ যাত্রা শুরু করে ২২ এপ্রিল। জাহাজের ক্যাপ্টেন ইচ্ছামতো যাত্রাপথ পরিবর্তন করে। এ সময় সমুদ্রের গভীরে নিমজ্জিত একটি পাহাড়ে ধাক্কা লেগে জাহাজটি ক্ষতিগ্রস্ত হয়। পরবর্তীতে বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণের দাবি পেশ করলে বিমা কোম্পানি তা বাতিল করে দেয়।

ক. দায় বিমা কাকে বলে? ১

খ. পণ্য নিক্ষেপণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জাহাজটিকে কোন ধরনের নৌ বিপদ মোকাবিলা করতে হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমা কোম্পানি কর্তৃক বিমা দাবি বাতিলের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**৯.** ▶ পায়রা পরিবহন ও বলাকা পরিবহন দুটি স্বনামধন্য পরিবহন সংস্থা। বাংলাদেশের পরিবহন খাতটি খুবই দুর্ঘটনাপ্রবণ বলে বিবেচিত। পায়রা পরিবহন বিআরটিসি থেকে লাইসেন্স গ্রহণের সময় এর মালিককে বাধ্যতামূলকভাবে একটি বিমাপত্র নিতে হয়েছিল। অন্যদিকে বলাকা পরিবহন সংস্থাটি পরিবহন ব্যবসায়ে যুক্ত বিভিন্ন ঝুঁকির কথা বিবেচনা করে সমগ্র ঝুঁকির বিরুদ্ধে একটিমাত্র বিমাপত্র ক্রয় করে।

ক. স্বাস্থ্য বিমা কাকে বলে? ১

খ. অগ্নি অপচয় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত পায়রা পরিবহন সংস্থার কোন ধরনের বিমাপত্র নিতে হয়েছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'পায়রা সংস্থার গৃহীত বিমাপত্র হতে বলাকা সংস্থার বিমাপত্রের আওতা ব্যাপক' উদ্দীপকের আলোকে তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ৩

সময়– ৪০ মিনিট

পূর্ণমান– ৪০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

**উদ্দীপকটি পড়ো এবং ১-২ নং প্রশ্নের উত্তর দাও।**

ইরান থেকে তেল ভর্তি একটি জাহাজ চট্টগ্রাম আসবে, যা বিমা করা হয়েছিল। পথিমধ্যে জাহাজের নাবিক ঘোষিত বন্দরে নোঙ্গর না করে অঘোষিত বন্দরে নোঙ্গর করে এবং ঐ বন্দরে জাহাজটি দুর্ঘটনায় পতিত হয়।

**১. উদ্দীপকের তেল ভর্তি জাহাজটি কোন ধরনের নৌ বিমাপত্র সংগ্রহ করেছিল?**
ⓚ পণ্যের বিমা ⓚ ভাড়া বা মাশুল বিমা
ⓖ জাহাজ বিমা ⓖ নৌ দায় বিমা

**২. উদ্দীপকের নাবিক কোন ধরনের নৌ শর্ত ভঙ্গ করেছে?**
ⓚ ব্যক্ত ⓚ অব্যক্ত ⓖ মুখ্য ⓖ গৌণ

**৩. পণ্যদ্রব্য বাকিতে ক্রয় করা যায় কোন কার্ডের মাধ্যমে?**
ⓚ ডেবিট কার্ড ⓚ ক্রেডিট কার্ড
ⓖ ক্যাশ কার্ড ⓖ এটিএম কার্ড

**উদ্দীপকটি পড়ো এবং ৪ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব সালাম বাণিজ্যিক ব্যাংকে একটি হিসাব খোলেন। সম্প্রতি ব্যাংক তহবিলের অভাবে তার কয়েকটি চেক অমর্যাদাকৃত হয়। তিনি এখন অন্য ব্যাংকে তার হিসাব স্থানান্তর করতে চাচ্ছেন।

**৪. উদ্দীপকের বাণিজ্যিক ব্যাংক কোন নীতিটি অনুসরণ করে নি?**
ⓚ নিরাপত্তা নীতি ⓚ তারল্য নীতি
ⓖ সেবার নীতি ⓖ মিতব্যয়িতার নীতি

**৫. বাংলাদেশের বিমা আইন কত সালের?**
ⓚ ১৯৬৫ ⓚ ১৯৮৪ ⓖ ১৯৯৪ ⓖ ২০১০

**৬. সম্পূর্ণ মূল্য পরিশোধের জন্য কমপক্ষে কত বছর বিমাপত্র চালু রাখা প্রয়োজন?**
ⓚ ১ ⓚ ২ ⓖ ৩ ⓖ ৪

**উদ্দীপকটি পড়ো এবং ৭-৮ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব শাহীন একজন আমদানিকারক। আমদানি পণ্যের মূল্য পরিশোধে ব্যাংক থেকে প্রয়োজনে স্বল্পমেয়াদি ঋণ প্রাপ্তির নিশ্চয়তাসহ তিনি একটি ব্যাংক হিসাব খুলতে চাইলে ব্যাংক ব্যবস্থাপক চলতি হিসাবের কথা বলেন যেখানে কোনো সুদ পাওয়া যাবে না। কিন্তু জনাব শাহীন এমন হিসাব খুলতে চাচ্ছেন যেখানে জমাকৃত উদ্বৃত্ত অর্থের ওপর সীমিত আয়ের সুযোগ পাওয়া যাবে। ব্যাংক ব্যবস্থাপক তখন অন্য একটি হিসাবের ব্যাপারে পরামর্শ দেন।

**৭. উদ্দীপকের জনাব শাহীনের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উপযোগী?**
ⓚ সাধারণ চলতি ⓚ বিশেষ চলতি
ⓖ সাধারণ স্থায়ী ⓖ বিশেষ স্থায়ী

**৮. উদ্দীপকের জনাব শাহীনের জন্য শেষোক্ত হিসাব খোলার যৌক্তিকতার কারণ কোনটি?**
i. জমাতিরিক্ত ঋণের সুবিধা পাওয়া যায়
ii. নির্দিষ্ট হারে সুদের ব্যবস্থা রয়েছে
iii. শর্তসাপেক্ষে যতবার খুশি অর্থ জমা ও উত্তোলন করা যায়

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৯ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব রহমান ব্রাজিল থেকে জাহাজে করে চিনি আমদানি করেন। এজন্য তিনি বিমা কোম্পানির সাথে নৌ বিমা চুক্তি সম্পাদন করেন। পথিমধ্যে তার ৫০% চিনি বিনষ্ট হয়ে যায়। তিনি বিমা দাবি করলে বিমা কোম্পানি আর্থিক ক্ষতিপূরণের অস্বীকৃতি জ্ঞাপন করে।

**৯. বিমা চুক্তির কোন উপাদানের অভাবে জনাব রহমান ক্ষতিপূরণ পান নি?**
ⓚ স্থলাভিষিক্ত ⓚ প্রত্যক্ষ কারণ
ⓖ মনোনয়ন ⓖ ক্ষতিপূরণ

**উদ্দীপকটি পড়ো এবং ১০ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব দিহাক একটি জীবন বিমা পলিসি গ্রহণ করে ১০ বৎসর নির্দিষ্ট হারে প্রিমিয়াম প্রদান করে। চুক্তির শর্ত অনুসারে দিহাকের মৃত্যুর পর তার স্ত্রী ১০ লক্ষ টাকা বিমা দাবি গ্রহণ করেন।

**১০. জনাব দিহাক কোন ধরনের জীবন বিমা সংগ্রহ করেছিলেন?**
ⓚ মেয়াদি ⓚ বিশুদ্ধ
ⓖ আজীবন ⓖ বৃত্তি

**১১. নৌ বিমা চুক্তির অপ্রত্যাশিত শর্ত কোনটি?**
ⓚ যাত্রার বৈধতা ⓚ সমুদ্র যাত্রার তারিখ
ⓖ নাবিকের সংখ্যা
ⓖ সম্পদের নিরপেক্ষতা ঘোষণা

**১২. কোন ধরনের বিমাপত্রে বোনাস প্রদান করা হয়?**
ⓚ জীবন ⓚ নৌ ⓖ অগ্নি ⓖ শস্য

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব করিম ও তার স্ত্রী একত্রে ১০ বছর মেয়াদি একটি বিমাপত্র ক্রয় করেন। জনাব করিম ৩ বছর পর মারা গেলেন এবং তার স্ত্রী তখনই বিমার সম্পূর্ণ টাকা পেলেন।

**১৩. জনাব করিম ও তার স্ত্রী কোন ধরনের জীবন বিমাপত্র ক্রয় করেছিলেন?**
ⓚ যৌথ ⓚ গোষ্ঠী
ⓖ সাময়িক ⓖ খাঁটি

**১৪. অগ্নি বিমার ক্ষতিপূরণ পাওয়ার জন্য কত দিনের মধ্যে আবেদন করতে হয়?**
ⓚ ৫-১০ ⓚ ১০-২০
ⓖ ১৫-৩০ ⓖ ৩০-৫০

**১৫. নিচের কোনটি বিমা চুক্তির বিশেষ উপাদান?**
ⓚ প্রস্তাব ও স্বীকৃতি ⓚ প্রতিদান
ⓖ স্বাধীন সায় ⓖ স্থলাভিষিক্তকরণ

**১৬. বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
ⓚ ব্যাংক অব ভেনিস ⓚ শাস্নী ব্যাংক
ⓖ ব্যাংক অব সানজর্জিও ⓖ ব্যাংক অব বার্সিলোনা

**১৭. নৌ বিমার বহনপত্র প্রদান করেন কে?**
ⓚ বিমাগ্রহীতা ⓚ জাহাজ কর্তৃপক্ষ
ⓖ বিমাকারী ⓖ আমদানিকারক

**১৮. বাংলাদেশের আর্থিক নীতি প্রণয়নে কোন ব্যাংক সরকারকে সরাসরি সহায়তা করে?**
ⓚ বাংলাদেশ ব্যাংক ⓚ সোনালী ব্যাংক
ⓖ বাংলাদেশ উন্নয়ন ব্যাংক ⓖ কর্মসংস্থান ব্যাংক

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**

কেন্দ্রীয় ব্যাংক জনগণের প্রোটিনের চাহিদা মেটানোর লক্ষ্যে হাঁস-মুরগির খামারীকে ঋণ প্রদানের জন্য বাণিজ্যিক ব্যাংকগুলোকে নির্দেশ প্রদান করেছিল। সম্প্রতি ঋণের প্রবাহ খুব বেশি হওয়ায় কেন্দ্রীয় ব্যাংক তা নিয়ন্ত্রণের চিন্তা করছে।

**১৯. উদ্দীপকের কেন্দ্রীয় ব্যাংকটি ঋণ নিয়ন্ত্রণের কোন নীতিটি প্রয়োগের চিন্তা করেছে?**
ⓚ ব্যাংক হার ⓚ খোলা বাজার
ⓖ নৈতিক প্ররোচনা ⓖ ঋণ বরাদ্দকরণ

**২০. কোন ধরনের ব্যাংক ভিন্ন নামে স্বাধীন সত্তা বজায় রেখে পারস্পরিক সমঝোতা ও সহযোগিতার ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করে থাকে?**
ⓚ চেইন ব্যাংক ⓚ গ্রুপ ব্যাংক
ⓖ শাখা ব্যাংক ⓖ একক ব্যাংক

**২১. নিচের কোন দলিলটি বাণিজ্যিক ব্যাংকের ঋণের দলিল?**
ⓚ ভ্রাম্যমাণ নোট ⓚ ভ্রমণ চেক
ⓖ প্রভবলেখ ⓖ প্রত্যয়পত্র

২২. বাণিজ্যিক ব্যাংকের কাজ—
i. ঋণ আমানত সৃষ্টি    ii. ব্যাংক হার নির্ধারণ
iii. বিনিময় মাধ্যম সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

২৩. চেক হারিয়ে গেলে তাৎক্ষণিকভাবে কী ব্যবস্থা গ্রহণ করতে হয়?
ক পত্রিকায় বিজ্ঞাপন দিতে হয়
খ থানাকে জানাতে হয়
গ ব্যাংককে জানাতে হয়    ঘ মামলা করতে হয়

উদ্দীপকটি পড়ো এবং ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব হক অর্থ বৃদ্ধির আশায় তার অলস টাকা ব্যাংক হিসাবে জমা রাখেন। বৎসর শেষে তিনি জানতে পারেন যে তার হিসাবে টাকা বৃদ্ধি পায় নি। তাই তিনি হিসাব পরিবর্তনের কথা ভাবছেন।

২৪. জনাব হক প্রথমে কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছিলেন?
ক স্থায়ী    খ চলতি
গ সঞ্চয়ী    ঘ বিশেষ সঞ্চয়ী

উদ্দীপকটি পড়ো এবং ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
তিতাস ব্যাংক লি. শেয়ার ক্রয়ের জন্য বিনিয়োগকারীদের প্রচুর পরিমাণে ঋণ দিয়ে ভালো মুনাফা করেছে, শেয়ার বাজারের দীর্ঘমেয়াদি সূচক পতনের কারণে ব্যাংকের ব্যবসায়ে বিরূপ প্রভাব পড়েছে। ব্যাংকটি এখন সমস্যাগ্রস্ত ব্যাংক হিসেবে কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত।

২৫. শেয়ার বাজারের সূচক পতনের ফলে ব্যাংকটি সমস্যায় পড়েছে। কারণ—
i. খেলাপি ঋণ বৃদ্ধি পেয়েছে
ii. ঋণদান সামর্থ্য হ্রাস পেয়েছে
iii. আমানত সংগ্রহ হ্রাস পেয়েছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

২৬. বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বশীল কাজ কোনটি?
ক আমানত সংগ্রহ    খ বিল বাট্টাকরণ
গ অবলেখন    ঘ ঋণ প্রদান

২৭. ফাঁকা চেকে কী থাকে না?
ক তারিখ    খ স্বাক্ষর
গ টাকার পরিমাণ    ঘ প্রাপকের নাম

২৮. কোনটি বাংলাদেশ ব্যাংকের নোট নয়?
ক ১০০ টাকা    খ ১০ টাকা
গ ৫ টাকা    ঘ ২ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ২৯ নং প্রশ্নের উত্তর দাও।

রূপকথা ব্যাংক
........ শাখা, হিসাব নং .......

হিসাব শিরোনাম:
বিশেষ নির্দেশ (যদি থাকে)
হিসাব ধারকের পূর্ণনাম:    নমুনা স্বাক্ষর
১। ....................................    ...............
২।....................................    ...............
৩। ....................................    ...............

ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর

২৯. উদ্দীপকের চিত্রটি কী নির্দেশ করে?
ক জমা রসিদ    খ উত্তোলন চেক
গ নমুনা স্বাক্ষর কার্ড    ঘ ব্যাংক পাস বই

৩০. নিচের কোন হিসাবের গ্রাহকগণ ব্যাংক হতে অধিক সুদ বা লাভপ্রাপ্ত হন?
ক বিশেষ চলতি হিসাব    খ সঞ্চয়ী হিসাব
গ সাধারণ স্থায়ী হিসাব
ঘ বিশেষ মেয়াদি স্থায়ী হিসাব

৩১. ক্রয় ক্ষমতার সমতা তত্ত্বের জনক কে?
ক A.E. Euilt    খ R.N. Stanton
গ Gustav Cassel    ঘ John Black

৩২. কোন ধরনের বিমাতে নৈতিক ঝুঁকি বেশি?
ক জীবন    খ নৌ    গ অগ্নি    ঘ দায়

উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।

বিনিময় হার
D    S1
S    D1

চিত্র : বৈদেশিক মুদ্রার চাহিদা ও যোগান

৩৩. উদ্দীপকের চিত্রটি বিনিময় হার নির্ধারণের কোন তত্ত্বটি নির্দেশ করে?
ক ক্রয় ক্ষমতার সমতা তত্ত্ব
খ স্বর্ণমান তত্ত্ব
গ চাহিদা ও যোগান তত্ত্ব
ঘ দাম ও যোগান তত্ত্ব

৩৪. উদ্দীপকের চিত্রটিতে প্রদর্শিত তত্ত্বটি সম্পর্কে সঠিক বক্তব্য কোনটি?
i. দেশীয় মুদ্রা হলো ভাসমান মুদ্রা
ii. দেশীয় মুদ্রার প্রকৃত অবস্থা সহজে জানা যায়
iii. সকল ধরনের লেনদেন বিবেচনাযোগ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii    গ ii ও iii    ঘ i, ii ও iii

৩৫. অটোরিকশা চালক মফিজের জন্য কোন হিসাব উপযোগী?
ক চলতি    খ সঞ্চয়ী
গ স্থায়ী    ঘ মেয়াদি

৩৬. বৃহদায়তন দোকানে পণ্যের মূল্য পরিশোধের জন্য যে ইলেকট্রনিক অর্থ স্থানান্তর পদ্ধতি ব্যবহার করা হয় তাকে কী বলা হয়?
ক বিক্রয়সেবা বিন্দু (Pos)    খ সুইফট (Swift)
গ স্বয়ংক্রিয় নিকাশ ঘর    ঘ মার্কেট চেক

উদ্দীপকটি পড়ো এবং ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব জামান গোমতি ব্যাংক হতে স্বল্পমেয়াদি টাকা ৫,০০০ ঋণ গ্রহণ করেছেন। তিনি কোনো প্রকার সম্পত্তি জামানত হিসাবে রাখেন নি। গোমতি ব্যাংকে তার একটি চলতি ব্যাংক হিসাব ছিল।

৩৭. জনাব জামান গোমতি ব্যাংক হতে কোন ধরনের ঋণ গ্রহণ করেছিলেন?
ক ধার    খ পূর্বস্বত্ব
গ নগদ ঋণ    ঘ ব্যাংক জমাতিরিক্ত

৩৮. বাংলাদেশে বহাল হস্তান্তরযোগ্য দলিল আইন অনুসারে হস্তান্তরযোগ্য দলিল হিসেবে স্বীকৃত নয় কোনটি?
ক অঙ্গীকারপত্র    খ শেয়ার ওয়ারেন্ট
গ বিনিময় বিল    ঘ চেক

৩৯. বাণিজ্যিক ব্যাংকের দীর্ঘমেয়াদি তহবিলের উৎস কোনটি?
ক সঞ্চিতি তহবিল    খ আমানতকৃত তহবিল
গ কেন্দ্রীয় ব্যাংক হতে ঋণ    ঘ মুদ্রাবাজার ঋণ

৪০. বিমাযোগ্য স্বার্থের ভিত্তি কোনটি?
ক অর্থ    খ সুনাম    গ মালিকানা    ঘ সম্পর্ক

উত্তরমালা

| ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | গ | ৮ | ক | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | ক |